# ALL INDIA RADIO

# আকাশবাণী শিলচর

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**9 April 2026** **7:45 PM IST**

==========================================================================

(১) ১২৬ সদস্য বিশিষ্ট আসাম বিধানসভা আসনের ভোটগ্রহণ আজ অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন/ বিকেল পাঁচটা পর্যন্ত সামগ্রিক ভোটদানের হার প্রায় ৮৪ দশমিক ৪-২ শতাংশ/

(২) বরাক উপত্যকার তিন জেলার মোট তেরোটি আসনেও সুষ্ঠুভাবে ভোটগ্রহণ পর্ব সম্পন্ন/ কাছাড় জেলায় ৮২ দশমিক ১-৯ শতাংশ, শ্রীভূমি জেলায় ৮৩ দশমিক ৩-৫ শতাংশ এবং হাইলাকান্দি জেলায় ৭৮ দশমিক ৯-০ শতাংশ ভোট পড়ার খবর/

(৩) নাগাল্যান্ড ও ত্রিপুরা বিধানসভার দুটি আসনের উপ-নির্বাচন আজ সুষ্ঠুভাবে সম্পন্ন/

(৪) আগামীকাল রাজ্যের এবছরের মাধ্যমিক পরীক্ষার ফলাফল ঘোষণা/

রাজ্যের ১২৬টি বিধানসভা আসনের জন্য একটি পর্যায়ে অনুষ্ঠিত নির্বাচনের ভোটগ্রহণ আজ শান্তিপূর্ণভাবে শেষ হয়েছে । ছোটখাটো বিক্ষিপ্ত ঘটনা ছাড়া কোনো স্থান থেকে কোনোধরণের অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায়নি । নতুন প্রজন্মের ভোটদাতাদের পাশাপাশি প্রবীণ নাগরিকরাও বিপুল হারে তাদের গণতান্ত্রিক অধিকার সাব্যস্ত করতে দেখা গেছে । নির্বাচন কমিশনের পক্ষ থেকে এপর্যন্ত পাওয়া তথ্য অনুযায়ী রাজ্যে আজ বিকেল পাঁচটা পর্যন্ত ৮৪ দশমিক ৪২ শতাংশ ভোট পড়েছে । তবে বিকেল পাঁচটার মধ্যে ভোটকেন্দ্রে প্রবেশ করা ভোটদাতাদের ভোটদান এখনো সম্পূর্ণ না হওয়ায় ভোটদানের চূড়ান্ত হার এখনো পাওয়া যায়নি ।

রাজ্যে বিশিষ্টদের মধ্যে আজ যাদের রাজনৈতিক ভাগ্য নির্ধারিত হয়েছে, তারা হলেন- গোলাঘাটে রাজ্যের মন্ত্রী- বিজেপি প্রার্থী অজন্তা নেওগ, যোরহাটে কংগ্রেস প্রার্থী প্রদেশ কংগ্রেস সভাপতি ও লোকসভায় বিরোধী দলের উপ-দলপতি গৌরব গগৈ, জালুকাবাড়ি আসনে বিজেপি প্রার্থী রাজ্যের বর্তমান মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা, কলিয়াবর আসনে অসম গণপরিষদ প্রার্থী রাজ্যের মন্ত্রী কেশব মহন্ত, নলবাড়ী আসনে মন্ত্রী জয়ন্তমল্ল বড়ুয়া, বিজনি আসনে ইউ পি পি এল প্রার্থী কমল সিং নার্জারি, শিবসাগর আসনে রাইজর দল'এর প্রার্থী বর্তমান বিধায়ক অখিল গগৈ, খোয়াঙ আসনে অসম জাতীয় পরিষদের প্রার্থী লুরিনজ্যোতি গগৈ, বড়মপুর আসনে বিরোধী মিত্রজোটের প্রার্থী রাজেন গোঁহাই, ধেমাজি আসনে রাজ্যের বর্তমান শিক্ষামন্ত্রী বিজেপি প্রার্থী ডাঃ রণোজ পেগু, নগাঁও আসনে রাজ্যের প্রাক্তন মন্ত্রী- সাংসদ- বিজেপির প্রদ্যোত বরদলৈ প্রমুখ ।

এদিকে কার্বি-আং-লং জেলার একটি ভোটগ্রহণ কেন্দ্রের ভিতরে ভোটগ্রহণ প্রক্রিয়ার একটি ভিডিও সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়ার পর

জেলা প্রশাসনের পক্ষ থেকে এর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করেছে। এই বিষয়ে জেলা প্রশাসনের জনপ্রতিনিধিত্ব আইন- ১৯৫১ র আওতায় এজাহার দাখিল করা হয়েছে। এই ঘটনার সঙ্গে জড়িতদের সনাক্ত করে এবং তথ্যে উদ্ধারের জন্যে তদন্ত আরম্ভ করা হয়েছে। নির্বাচনী আইন লংঘন করার অপরাধে দোষীদের বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হবে বলে জেলা প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে।

---

বরাক উপত্যকার তিন জেলায় আজ অবাধ, সুষ্ঠু এবং শান্তিপূর্ণভাবে ভোটগ্রহণ পর্ব সম্পন্ন হয়েছে। কোনোস্থান থেকে তেমন কোনো বড় ধরণের অপ্রীতকর ঘটনার খবর আসেনি। আজ সকাল সাতটা থেকে আরম্ভ হওয়া ভোটগ্রহণ পর্বে সকাল থেকেই সারিবদ্ধভাবে ভোটারদের লাইনে দাঁড়িয়ে থেকে নিজেদের গণতান্ত্রিক অধিকার সাব্যস্ত করতে দেখা গেছে। আকাশের পরিস্থিতি কিছুটা মেঘাচ্ছন্ন থাকলেও শেষপর্যন্ত আবহাওয়া মোটামোটি অনুকূল থাকায় সব বয়সে ভোটারদের কাছ থেকে পর্যাপ্ত সাড়া পাওয়া গেছে। কাছাড়, শ্রীভূমি ও হাইলাকান্দি জেলায় আজ ভোটগ্রহণকে কেন্দ্র করে জনসাধারণের মধ্যে উৎসবের পরিবেশ বিরাজ করেছে। তবে বিকেল পাঁচটার মধ্যে ভোটকেন্দ্রে প্রবেশ করা ভোটদাতাদের ভোটদান দেরিতে সম্পূর্ণ হওয়ায় ভোটদানের চূড়ান্ত হার এখনো পাওয়া যায়নি।

নির্বাচন কমিশন থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী আজ সন্ধ্যে পাঁচটা পর্যন্ত কাছাড় জেলায় ৮২ দশমিক ১৯ শতাংশ ভোট পড়ার খবর পাওয়া গেছে। এরমধ্যে সাতটি বিধানসভা আসনের ভোটের হার হচ্ছে- কাটিগড়ায়- ৮৬ দশমিক ৩-৭, বড়খলায়- ৮৩ দশমিক ৯-৬, লক্ষ্মীপুরে- ৮৩ দশমিক ৭-০, উধারবন্দে- ৮১ দশমিক ৬-৯, সোনাইতে- ৮০ দশমিক ৯-২, শিলচরে- ৭৯ দশমিক ৯৭ এবং ধলাইয়ে- সর্বনিম্ন ৭৮ দশমিক ৫-৫ শতাংশ।

উল্লেখ্য এই নির্বাচনে কাছাড় জেলার সাতটি আসন মিলিয়ে মোট ১৩ লক্ষ ৮৮ হাজার ৫০০ ভোটদাতা জেলার ৪৯ জন প্রার্থীর রাজনৈতিক ভাগ্য নির্ধারণ করেছেন । এরমধ্যে শিলচর আসনে যেসব প্রার্থী প্রতিদ্বন্দিতায় রয়েছেন, তারা হচ্ছেন- বিজেপি প্রার্থী প্রাক্তন সাংসদ ডাঃ রাজদীপ রায়, কংগ্রেসের অভিজিৎ পাল, এস ইউ সি আই (সি) দলের ভবতোষ চক্রবর্তী এবং চারজন নির্দল প্রার্থী- পাপলু নাথ, সুব্রত কুমার চন্দ, রাণু দাস ও গৌতম দাস । শিলচর আসনের কংগ্রেস প্রার্থী অভিজিৎ পাল আজ নির্বাচন চলাকালীন সময়ে বলেছেন-

#বাইট# (অভিজিৎ)

ধলাই (সংরক্ষিত) আসনে বিজেপির অমিয় কান্তি দাস, কংগ্রেসের ধ্রুবজ্যোতি পুরকায়স্থ, এস ইউ সি আই (সি) দলের গৌর চন্দ্র দাস এবং নির্দল প্রার্থী পরিমল দাস ।

বড়খলা আসনে কংগ্রেসের ডাঃ অমিত কালোয়ার, বিজেপির পক্ষ থেকে প্রাক্তন বিধায়ক কিশোর নাথ, এস ইউ সি আই (সি) দলের শম্পা দে এবং নির্দল প্রার্থী জাহরুল ইসলাম বড়ভুইয়া, হিফজুর রহমান লস্কর এবং অমলেন্দু দাস ।

কাটিগড়া আসনে বিজেপি প্রার্থী বর্তমান বিধায়ক কমলাক্ষ দে পুরকায়স্থ, কংগ্রেস প্রার্থী প্রাক্তন বিধায়ক অমরচান্দ জৈন, তৃণমূল কংগ্রেস প্রার্থী ফজলুর রহমান লস্কর, এস ইউ সি আই (সি) দলের হিল্লোল ভট্টাচার্য, বিকাশ ইন্ডিয়া পার্টির প্রার্থী আব্দুল ওয়াদুদ চৌধুরী এবং ন'জন নির্দল প্রার্থী কৌশিক দাস, নুরুল আলম বড়ভুইয়া, রাজু দাস, সন্দীপ দাস, ইবাজুল হক

লস্কর, নাসির উদ্দিন বড়ভুইয়া, সালেহ্ আহমেদ মজুমদার, শিবা নারায়ণ সিং এবং সঞ্জু মুণ্ডা ।

সোনাই আসনে কংগ্রেস প্রার্থী আসাম বিধানসভার প্রাক্তন উপাধ্যক্ষ আমিনুল হক লস্কর, অসম গণপরিষদ প্রার্থী বর্তমান বিধায়ক করিম উদ্দিন বড়ভুইয়া ও তৃণমূল কংগ্রেস প্রার্থী সাহাজাহান লস্কর, এস ইউ সি আই (সি) দলের অঞ্জন কুমার চন্দ, এ আই ইউ ডি এফ'এর মিনার হোসেন মাঝারভুইয়া, বিকাশ ইন্ডিয়া পার্টির আব্দুল মতলব লস্কর এবং ছ'জন নির্দল প্রার্থী এম এম মুজাহিদুল মজুমদার, পতন লাল রবিদাস, নজরুল ইসলাম লস্কর, হাসান আহমেদ বড়ভুইয়া, জয়নুল হক মুজমদার এবং আলম হোসেন লস্কর ।

লক্ষ্মীপুর আসনে বিজেপি প্রার্থী রাজ্যের বর্তমান মন্ত্রী কৌশিক রাই এবং কংগ্রেস প্রার্থী ডাঃ এম. শান্তি কুমার সিংহ। এই আসনের প্রার্থী বর্তমান মন্ত্রী শ্রী রাই বলেন-

#বাইট# (কৌশিক)

উধারবন্দ আসনে বিজেপি প্রার্থী রাজদীপ গোয়ালা, কংগ্রেসের প্রার্থী রাজ্যের প্রাক্তন মন্ত্রী অজিত সিং, তৃণমূল কংগ্রেস প্রার্থী তাপস দাস, এবং এস ইউ সি আই (সি) দলের দিলীপ কুমার রী নির্বাচনী আসরে রয়েছেন ।

আজকের নির্বাচনে শ্রীভূমি জেলায় বিকেল পাঁচটা পর্যন্ত ৮৩ দশমিক ৩-৫ শতাংশ ভোট পড়ার খবর পাওয়া গেছে । এই অনুযায়ী- উত্তর করিমগঞ্জ আসনে- ৮৪ দশমিক ৫-৭, রামকৃষ্ণ নগর আসনে ৮৪ দশমিক ৮৪ দশমিক ৫-২, পাথারকান্দি আসনে ৮৩ দশমিক ৩৯ এবং দক্ষিণ করিমগঞ্জ

আসনে ৮১ দশমিক ৩৩ শতাংশ ভোট পড়েছে । এই জেলার ৪৭জন প্রার্থীর রাজনৈতিক ভাগ্য নির্ধারণ হয়েছে । তার মধ্যে উত্তর করিমগঞ্জ আসনে ১৪জন প্রার্থী প্রতিদ্বন্দিতায় রয়েছেন । এদের মধ্যে উল্লেখযোগ্য প্রার্থীরা হচ্ছেন- বিজেপির সুব্রত ভট্টাচার্য, এবং কংগ্রেসের জাকারিয়া আহমেদ ।

দক্ষিণ করিমগঞ্জ আসনে ১৫ জন প্রার্থী প্রতিদ্বন্দিতায় রয়েছেন । এই আসনে উল্লেখযোগ্য প্রার্থীদের মধ্যে বিজেপির মিত্রজোট অসম গণপরিষদের প্রার্থী ইকবাল হোসেন ও কংগ্রেসের আমিনুর রশিদ চৌধুরী রয়েছেন ।

এদিকে পাথারকান্দি আসনে আটজন প্রার্থী নির্বাচনী ময়দানে রয়েছেন । এই আসনে উল্লেখযোগ্যদের মধ্যে বিজেপি প্রার্থী রাজ্যের বর্তমান মন্ত্রী কৃষ্ণেন্দু পাল ও প্রাক্তন বিধায়ক কংগ্রেসের কার্তিকসেনা সিন্‌হা রয়েছেন । মন্ত্রী শ্রী পাল বলেন-

#বাইট# (কৃষ্ণেন্দু)

রামকৃষ্ণ নগর আসনে ন'জন প্রার্থী নির্বাচনী আসরে রয়েছেন । এই আসনে উল্লেখযোগ্যদের মধ্যে বিজেপি প্রার্থী বর্তমান বিধায়ক বিজয় মালাকার, কংগ্রেস প্রার্থী সুরুচী রায় এবং নির্দল প্রার্থী শশাঙ্ক শেখর দাস নির্বাচনী আসরে রয়েছেন ।

এদিকে হাইলাকান্দি জেলার দুটি আসনে মোট প্রার্থীর সংখ্যা --২৭ । আলগাপুর-কাটলীছড়া আসনে ১৫জন প্রার্থী নির্বাচনী আসরে রয়েছেন । এরমধ্যে বিজেপির মিত্রজোট অসম গণপরিষদের প্রার্থী বর্তমান বিধায়ক

জাকির হোসেন লস্কর, দুই নির্দল প্রার্থী- বর্তমান বিধায়ক নিজাম উদ্দিন চৌধুরী ও সুজাম উদ্দিন লস্কর এবং কংগ্রেস প্রার্থী জুবের এনাম মজুমদার রয়েছেন। স্মরণ করা যেতে পারে যে- এই আসনে তিনজন বর্তমান বিধায়ক প্রতিদ্বন্দ্বিতার আসরে রয়েছেন ।
অন্যদিকে হাইলাকান্দি বিধানসভা আসনে মোট বারোজন প্রার্থী নির্বাচনী ময়দানে রয়েছেন । এই আসনে উল্লেখযোগ্য প্রার্থীদের মধ্যে বিজেপির ডঃ মিলন দাস , কংগ্রেসের প্রাক্তন বিধায়ক রাহুল রায় রয়েছেন ।

---

ডিমা হাসাও জেলায় আজ ৮০ শতাংশের বেশী ভোট পড়েছে । আমাদের হাফলং-এর সংবাদদাতা জানিয়েছেন যে আজ হাফলং তপশিলি উপজাতি সংরক্ষিত আসনে শান্তিপূর্ণভাবে ভোট সম্পন্ন হয়েছে ।

---

কেরালাম এবং কেন্দ্রশাসিত অঞ্চল পুডুচেরীতেও আজ বিধানসভা নির্বাচনের ভোটগ্রহণ সমাপ্ত হয়েছে । কেরালামের ১৪০ টি এবং পুডুচেরীর ৩০ টি বিধানসভা আসনের জন্য একটি পর্যায়ে ভোটগ্রহণ করা হয় । কেরালামে বিকেল ৫ টা পর্যন্ত ৭৫ দশমিক ০-১ শতাংশ ভোট পড়েছে ।
নাগালেন্ডের মুককচুং জেলার করিদাং বিধানসভা আসনের উপনির্বাচনের জন্য আজ ৩০ টি ভোটগ্রহণ কেন্দ্রে শান্তিপূর্ণভাবে ভোটগ্রহণ অনুষ্ঠিত হয়েছে । কড়া নিরাপত্তা ব্যবস্থার মাধ্যমে আজ বিকেল ৩ টে পর্যন্ত ৬১ দশমিক ২-১ শতাংশ ভোট পড়েছে বলে আকাশবাণী কোহিমার সংবাদদাতা জানিয়েছেন ।

এদিকে ত্রিপুরা বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেনের মৃত্যুর পরিপ্রেক্ষিতে শূণ্য থাকা ধর্মনগর বিধানসভা আসনে আজ উপনির্বাচন অনুষ্ঠিত হয়েছে ।ভোটগ্রহণ শান্তিপূর্ণভাবে সম্পন্ন হয়েছে বলে আকাশবাণীর সংবাদদাতা জানিয়েছেন ।

---

বিধানসভা নির্বাচনের ভোটগ্রহণ প্রক্রিয়া নিরীক্ষণ করার উদ্দেশ্যে গতকাল আসামে আসা সাতটি দেশের ১২ সদস্যের প্রতিনিধি দল আজ বিভিন্ন ভোটগ্রহণ কেন্দ্র পরিদর্শন করেছে । এঙ্গোলা , ইজিপ্ট , পর্তুগাল , মেক্সিকো , শ্রীলংকা , বেনিন , এবং ক্রোয়েশিয়ার প্রতিওনিধিদলটি আজ হাজো -শোয়ালকুচি এবং কমলপুর বিধানসভা আসনের বিভিন্ন ভোটগ্রহণ কেন্দ্র পরিদর্শন করেছে ।

---

আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদের অধীনে গত ১০ ফেব্রুয়ারী থেকে অনুষ্ঠিত মাধ্যমিক পরীক্ষা ২০২৬ এর ফলাফল আগামীকাল সকালে ঘোষণা করা হবে । ফলাফল sebaonline.org , resultassam.nic.in , asseb.in  ইত্যাদি ওয়েবসাইটে পাওয়া যাবে । উল্লেখ্য এবারের মাধ্যমিক পরীক্ষায় মোট ৪ লক্ষ ৩৮ হাজার ৫৬৫ জন পরীক্ষার্থী অবতীর্ণ হয়েছিল ।

---